

# গৃহহীনদের পুনর্বাসনে গুচ্ছগ্রামে চারতলাবিশিষ্ট কমিউনিটি ভবন নির্মাণ করা হবে : ভূমি সচিব

Created on Wednesday, 01 June 2016 21:26



সৈয়দ মুস্তাফির রিমন-বর্তমানকর্ন্থ ডটকম:: আজ ১লা জুন ভূমিমন্ত্রণালয়ের সভাকক্ষে ৭ম পঞ্চ বার্ষিক পরিকল্পনা (এস,এফ,ওসাই,পি) এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এস.ডি.জি.) এবং ভূমিমন্ত্রণালয়ের সম্প্রুততায় এ বিষয়ে কী করণীয় শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট রিসোর্সদের সাথে মতবিনিময়কালে ভূমি সচিব মেছবাহ উল আলম বলেন-সারাদেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা খাসজমি এখন শুধু লীজ প্রদান কাজে নয়, দারিদ্র্যবিমোচনে খাস জমিগুলোতে উ□পাদন কাজে ব্যবহার করা হবে। তিনি বলেন, বনায়ন, ডোবা ও মজা পুকুর সংস্কার করে তাতে ম□স্যাচাষ, গুচ্ছগ্রামের খাসজমিতে ৪ তলা বহুতলবিশিষ্ট কমিউনিটি ভবন নির্মাণ করে গৃহহীনদের পুনর্বাসন করার পরিকল্পনা নেওয়া হবে। সচিব বলেন, গ্রামগুলোতে গৃহহীনদের পুনর্বাসনের পাশাপাশি তাদের আর্থ সামাজিক ব্যবস্থার উন্নয়নে গরু, ছাগল গবাদি পশু লালন পালন এবং ওগুলো থাকার জন্য ৪ তলা ভবনের পাশে শেড নির্মাণ করে দেওয়ারও পরিকল্পনা সরকারের রয়েছে। সভায় ভূমি মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা ও মন্ত্রণালয়ের আওতাধীন বোর্ড, সংস্থা, দপ্তর ও প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ ৪৬ জন কর্মকর্তা আলোচনায় অংশ নেন। বাংলাদেশ ১৫ বছর মেয়াদী মিলিয়ন ডেভেলপমেন্ট গোলস (এম.ডি.জি.)-এ

অংশ নিয়ে অধিকাংশ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সরকারের পরবর্তীতে গৃহীত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-এ অন্তর্ভুক্ত ১৭টি লক্ষ্য বাস্তবায়নে ভূমিমন্ত্রণালয়ের সম্প্রুততা কী হতে পারে সে বিষয়ে মতবিনিময় হয়। সভায় পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য সিনিয়র সচিব ড. শামসুল আলম মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। চলতি মাসের ৭ তারিখে এ সংক্রান্ত আরেকটি সভার আয়োজন করা হয়েছে। আলোচনা সভায় অন্যান্যের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আকরাম হোসেন, এ.কে. ফজলুল হক, আতাউর রহমান, যুগ্ম সচিব আবুয়াল হোসেন, মজিবর রহমান, মো. শওকত আকবর, এ.ইউ.এস.এম. সাইফুল্লাহ ও ভূমি প্রতিমন্ত্রীর পিএস প্রদীপ কুমার দাস বক্তব্য রাখেন।